



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫৬৯১১, ৯৫১৪৬৯২  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২৫/২৩৩  
৯৫৬০০৩১-৩৫/২৭৪  
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd  
www.krishibank.org.bd

D:\JAHANGIR\POLICY\AT-DENCE.DOC

### হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

নং-প্রকা/এইচআরএমডি-১/অংশ-২/৩৭(১)(২২)/২০১৮-২০১৯/৩১২০

তারিখ : ০৯-০৫-২০১৯ খ্রিঃ

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক/কর্পোরেট শাখা ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় : কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মস্থল ত্যাগ করা প্রসংগে।**

প্রিয় মহোদয়,

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ লক্ষ্য করছেন যে, মাঠ পর্যায়ে কর্মরত নির্বাহীগণের অনেকেই কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ না করে বিশেষতঃ সপ্তাহের শেষ কর্মদিবসে অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ করে থাকেন এবং সাপ্তাহিক ছুটি ভোগ শেষে (রবিবার) বিলম্বে কর্মস্থলে ফিরে আসেন। সাপ্তাহিক ছুটি ব্যতীত অন্যান্য দিনেও কেহ কেহ অনুরূপভাবে কর্মস্থল ত্যাগ করে থাকেন। প্রতি সপ্তাহের শেষে নির্বাহীগণের কর্মস্থল ত্যাগের ফলে সংশ্লিষ্ট নির্বাহীর নিয়ন্ত্রণাধীন কার্যালয়/শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে কাজের শৈথিল্যের প্রবণতা দেখা দেয়। এতে ব্যাংকের সামগ্রিক কর্মকাণ্ডেও নেতিবাচক প্রভাব পড়ে। উল্লেখ করা যেতে পারে যে, একই বিষয়ে সর্বশেষ ০৩-০৯-২০১৮ তারিখ নির্দেশনা প্রদান করা হলেও বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের প্রবণতা পুরোপুরিভাবে বন্ধ হয়নি।


০২। উল্লিখিত পরিস্থিতিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ০৬-০৫-২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রমোটারস সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

“পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত কর্মস্থল ত্যাগের ক্ষেত্রে সকল বিভাগীয় মহাব্যবস্থাপক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/কর্পোরেট শাখা ব্যবস্থাপক উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের এবং সকল শাখা ব্যবস্থাপক সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ করতে পারবে না।”

০৩। উপরোক্ত সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে এবং বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের ক্ষেত্রে জবাবদিহিতার সম্মুখীন হতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

  
(মোঃ আজিজুল বারী)

মহাব্যবস্থাপক


প্রশাসন মহাবিভাগ

তারিখ : ০৯-০৫-২০১৯ খ্রিঃ

নং-প্রকা/এইচআরএমডি-১/অংশ-২/৩৭(১)(২২)/২০১৮-২০১৯/

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/অধ্যক্ষ, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। নথি/মহানথি।

  
(মোহাম্মদ সেলিম খান)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)